
## গণিত শিক্ষাবীক্ষণ কেন্দ্র (CPSM)
## কৃতিত্ব ও দুর্বলতা নির্ণায়ক পরীক্ষা-2023


**নির্দেশ:** উত্তরপত্রে তোমার নাম, শ্রেণি, রোল নম্বর ইত্যাদি দিতে হবে। প্রশ্নে দেওয়া (a), (b), (c) বা (d) উত্তরগুলির মধ্যে সঠিক উত্তর নির্বাচন করো। উত্তরপত্রে এই উত্তর নীল/কালো বল পেনে ■ এইরূপ ভরাট করে দাও। যেমন, 'X' নম্বর প্রশ্নের (c) সঠিক উত্তর হলে উত্তরপত্রে যথার্থস্থানে এরূপ চিহ্ন বসাও। প্রশ্ন: X: □ □ ■ □। রাফ কাজ পৃথক কাগজে করো। তিনটি ভুল উত্তরের জন্য এক নম্বর কাটা যাবে।


1. দুটি প্রদত্ত বিন্দু দিয়ে কয়টি সরলরেখা আঁকা সম্ভব?


(a) 1 (b) 2 (c) 0 (d) অসংখ্য

2. নীচের চিত্রগুলির মধ্যে কোন্‌টির পাঁচটি কৌণিক বিন্দু আছে?


(a) 

(b) 

(c) 


(d) 

3. নীচের চিত্রটিতে কয়টি সরলরেখাংশ আছে?





(a) 10 (b) 13 (c) 14 (d) 12

4. নীচের চিত্রগুলির মধ্যে কোন্‌টির কোনো কৌণিক বিন্দু নেই?


(a) 

(b) 

(c) 

(d) 


5. নীচের চিত্রটিতে কতগুলি ঘনক আছে?



(a) 16 (b) 24 (c) 18 (d) 12

6. নীচের চিত্রগুলির মধ্যে কোন্‌টি একটি চোঙের তল সূচিত করতে পারে?

(a) 

(b) 

(c) কোনোটিই নয় (d) (a) এবং (b) উভয়েই


7. কোনো ঘনকের তলগুলির আকার হল—

(a) বর্গক্ষেত্র (b) আয়তক্ষেত্র (c) রম্বস (d) সমবাহু ত্রিভুজ

8. লুডো খেলার ছকটির জ্যামিতিক আকার হল


(a) [illegible] (b) ঘনক (c) আয়তঘন (d) আয়তক্ষেত্র

9. নীচের অক্ষরটি লিখতে কয়টি সরলরেখাংশের প্রয়োজন?



(a) 2 (b) 3 (c) 4 (d) কোনোটিই নয়

10. চিত্রে কয়টি ত্রিভুজ দেখা যাচ্ছে?



(a) 12 (b) 13 (c) 15 (d) 18

11. 4, 8, 1 এবং 7 এই অঙ্কগুলির যে-কোনো একটিকে দুইবার এবং অন্যগুলিকে মাত্র একবার ব্যবহার করে গঠিত বৃহত্তম সংখ্যাটি হল

(a) 8874 (b) 8741 (c) 8877 (d) 8784

12. এক কিলোগ্রাম =

(a) 1000 মিলিগ্রাম (b) 100000 মিলিগ্রাম

(c) 1000000 মিলিগ্রাম (d) 100000000 মিলিগ্রাম

13. চারটি পৃথক অঙ্ক দিয়ে গঠিত ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি হল—

(a) 100023 (b) 123000 (c) 111123 (d) কোনোটিই নয়

14. 1 থেকে 100 পর্যন্ত সংখ্যাগুলি লিখলে 5 অঙ্কটিকে কতবার লিখতে হবে?

(a) 15 (b) 21 (c) 20 (d) 19

15. একটি জামা তৈরি করতে 2 মিটার 15 সেন্টিমিটার কাপড় প্রয়োজন হয়, 40 মিটার কাপড়ে ওইরূপ কতগুলি জামা তৈরি করা যাবে?

(a) 19 (b) 20 (c) 17 (d) 18

16. নীচের যোগ অঙ্কটি থেকে $A$ এর $B$-এর মান নির্ণয় করো।

$$\begin{array}{r} 5\ 3\ A \\ +\ 3\ 4\ 6 \\ \hline 8\ B\ 0 \end{array}$$

(a) $A = 4, B = 8$ (b) $A = 8, B = 4$

(c) $A = 5, B = 4$ (d) $A = 3, B = 4$


17. 2022 খ্রিস্টাব্দে তোমাদের বিদ্যালয় 197 দিন খোলা ছিল, ওই বছর কতদিন বিদ্যালয় ছুটি ছিল?

(a) 167 (b) 158 (c) 169 (d) 168

18. সিনেমা দেখার টিকিটের লাইনে 49 জন লোক দাঁড়িয়েছিল, যদি ওই লোকদের এক-সপ্তমাংস জন টিকিট কিনে চলে যায় এবং আরো 12 জন নতুন লোক ওই লাইনে টিকিটের জন্য দাঁড়ায় তাহলে এখন লাইনে কতজন লোক থাকবে?

(a) 61 (b) 55 (c) 42 (d) 54

19. পাশের চিত্রটির কত অংশ রেখাঙ্কিত?



(a) $\frac{1}{2}$ (b) $\frac{2}{5}$

(c) $\frac{3}{5}$ (d) $\frac{3}{4}$

20. যে-কোনো একটি সংখ্যা ধর, ওই সংখ্যাটির সাথে তার ঠিক পরের সংখ্যাটি যোগ কর, এবার প্রাপ্ত যোগফলের সঙ্গে 9 যোগ করো, প্রাপ্ত যোগফলকে 2 দ্বারা ভাগ কর; এবং ভাগফল থেকে মূল সংখ্যাটি বিয়োগ কর। বিয়োগফল কত?

(a) 5 (b) 15 (c) 50 (d) কোনোটিই নয়

21. ডিনার মা $\frac{1}{10}$ কিগ্রা মাখন ব্যবহার করলেন, তিনি কত গ্রাম মাখন ব্যবহার করলেন?

(a) $\frac{1}{100}$ গ্রাম (b) 10 গ্রাম (c) 100 গ্রাম (d) 1000 গ্রাম

22. 1307 সংখ্যাটির 3-এর স্থানীয় মানের সাথে 5819 সংখ্যাটির 5-এর প্রকৃতমান দিয়ে গুণ করা হলে গুণফল কত হবে?

(a) 1500000 (b) 15 (c) 150 (d) 1500

23. 1370 থেকে কতবার 37 বিয়োগ করা যাবে?

(a) 39 (b) 38 (c) 37 (d) 36

24. নীচের কোন্ রাশিটি অর্থহীন?

(a) $0 \div 17$ (b) $21 \div (7–7)$ (c) $(9–9) \div 32$ (d) $8 \times 0$

25. 2, 3, 0, 7 এবং 5 এই অঙ্কগুলির প্রতিটিকে মাত্র একবার ব্যবহার করে গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি হল—

(a) 02357 (b) 20357 (c) 23570 (d) 23507

26. 638 টি মার্বেল 53 জন বালকের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলে কতগুলি মার্বেল বেড়ে যাবে?

(a) 20 (b) 12 (c) 6 (d) 2

27. 2023 খ্রিস্টাব্দের 20 শে ফেব্রুয়ারি থেকে 20 শে ডিসেম্বর মোট কত দিন? (যখন ওই তারিখ দুটির মধ্যে যে-কোনো একটি ধরা হবে)

(a) 302 (b) 305 (c) 304 (d) 303

28. একটি টেবিল এবং 8 টি চেয়ারের মোট মূল্য 4200 টাকা; যদি প্রতিটি চেয়ারের দাম 485 টাকা হয়, তাহলে টেবিলটির দাম কত?

(a) 320 টাকা (b) 880 টাকা (c) 1320 টাকা (d) 420 টাকা

29. শেফালি প্রতিটি 829 টাকা হিসাবে 7 টি জামা কিনে দোকানদারকে তিনটি 2000 টাকার নোট দিল। দোকানদার শেফালিকে কত ফেরত দেবে?

(a) 97 টাকা (b) 803 টাকা (c) 287 টাকা (d) 197 টাকা

30. টুটুনদের বাগানে একই সারিতে 17 টি গাছ আছে এবং পর পর যে-কোনো দুটি গাছের ব্যবধান 13 মিটার। প্রথম শেষ গাছটির দূরত্ব কত?

(a) 208 মিটার (b) 221 মিটার (c) 204 মিটার (d) 192 মিটার

31. (4 ? 4) × 16 = 0 এই সমীকরণে ? চিহ্ন-এর জায়গায় +, –, ×, ÷ চিহ্নগুলির মধ্যে কোন্‌টি বসবে?

(a) + (b) – (c) × (d) ÷

32. যদি ○ + △ = 4882 এবং ○ + △ + △ = 6871, হয়, তাহলে 2△ =

(a) 3979 (b) 1989 (c) 3878 (d) 3978

33. একটি বাগানে এমনভাবে কতকগুলি চারাগাছ লাগানো হল যেন যত সারি গাছ লাগানো হল প্রতি সারিতে চারাগাছের সংখ্যাও তত। বাগানে চারাগাছের সংখ্যা নীচের কোন্‌টি হতে পারে?

(a) 17 × 17 (b) 9 × 19 (c) 13 × 4 (d) 9 × 18

34. আমি হলাম 4386-এর পরবর্তী ক্ষুদ্রতম অযুগ্ম পূর্ণসংখ্যা, আমার সাথে 632 যোগ করলে আমার মান কত হবে?

(a) 5110 (b) 5019 (c) 5190 (d) 5219

35. (780 + 9) কে 9 দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?


(a) 4 (b) 5 (c) 6 (d) 7

36. 7717, 7771 এবং 7177 সংখ্যাগুলিকে ছোটো থেকে বড়ো হিসাবে সাজাও।

(a) 7771, 7717, 7177 (b) 7177, 7771, 7717

(c) 7177, 7717, 7771 (d) 7771, 7177, 7717

37. পাশের বৃত্তাকার চিত্রটি মিমি ও রিমি রং করতে শুরু করল। মিমি প্রথমে চিত্রটির $\frac{2}{8}$ অংশ রং করল তারপর রিমি চিত্রটির অন্য $\frac{3}{8}$ অংশ রং করল। তারা দুজনে চিত্রটির কত অংশ রং করল?



(a) $\frac{5}{16}$ অংশ (b) $\frac{3}{8}$ অংশ

(c) $\frac{8}{3}$ অংশ (d) $\frac{5}{8}$ অংশ

38. 9999-এর সঙ্গে কোন্ সংখ্যা যোগ করলে যোগফল ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে?

(a) 1 (b) 9991 (c) 9001 (d) 90001


39. 190 থেকে কতবার 19 বিয়োগ করা যাবে?

(a) 100 (b) 10 (c) 1 (d) কোনেটিই নয়

40. চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল কত হবে?

(a) 10009 (b) 99990

(c) 10099 (d) 100099

41. 


(a) 12 (b) 1300

(c) 20 (d) 100

42. কোন্ চিত্রটি অন্যগুলি থেকে আলাদা?

(a) L (b) O

(c) V (d) E

43. 7801 কে 79 দিয়ে ভাগ করলে প্রাপ্ত ভাগশেষ কত হবে?

(a) 49 (b) 9

(c) 69 (d) 59

44. 0, 3 এবং 7 দ্বারা গঠিত তিন অঙ্কবিশিষ্ট সংখ্যাগুলির সমষ্টি কত?

(a) 110 (b) 2110 (c) 211 (d) 1110

45. 3680591 সংখ্যাটির 8 এর স্থানীয়মান ঠিক রেখে সংখ্যাটির অঙ্কগুলি দিয়ে গঠিত বৃহত্তম সংখ্যাটি হল

(a) 9685310 (b) 9865310

(c) 9085361 (d) 9086531

46. একটি যন্ত্র প্রতিদিন 23875 টি স্ক্রু তৈরি করতে পারে। যদি যন্ত্রটি বছরের সবদিনই কাজ করে তাহলে 2024 খ্রিস্টাব্দে যন্ত্রটি কতগুলি স্ক্রু তৈরি করতে পারবে?

(a) 8714375 (b) 8595000 \

(c) 8638250 (d) 8738250

47. চার অঙ্কবিশিষ্ট পূর্ণসংখ্যার সংখ্যা হল—

(a) 9000 (b) 9999

(c) 10000 (d) 999

48. শুধুমাত্র যুগ্ম অঙ্কগুলি নিয়ে গঠিত 7 অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি হল—

(a) 0002468 (b) 2046800

(c) 2000468 (d) 2468000

49. কোনো একটি সংখ্যাকে 29 দিয়ে ভাগ করায় ভাগফল 47 এবং ভাগশেষ 19 পাওয়া গেল; সংখ্যাটি কত?

(a) 1382 (b) 1363

(c) 1392 (d) 1401

50. 3791*5, সংখ্যাটির * চিহ্নিত স্থানে কোন্ অঙ্ক বসালে সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে?

(a) 0 (b) 1

(c) 2 (d) 9

51. বন্দনা 143 টাকা দিয়ে একটি পুস্তক এবং 37 টাকা দিয়ে একটি জ্যামিতি বাক্স কিনে দোকানদারকে একটি 500 টাকার নোট দিল, দোকানদার বন্দনাকে কত ফেরত দেবে?

(a) 180 টাকা (b) 320 টাকা

(c) 380 টাকা (d) 220 টাকা

52. একটি দোকানে 24 ব্যাগ লাল মার্বেল এবং 38 ব্যাগ সবুজ মার্বেল আছে, যদি প্রতিটি ব্যাগে 36 টি করে মার্বেল থাকে তাহলে ওই দোকানে কতগুলি মার্বেল আছে?

(a) 1232 (b) 2222

(c) 2112 (d) 2232

53. $32 \times 4 \div 8 \div 2 \times 4 \div 2 =$

(a) 16 (b) 4

(c) 1 (d) 2

54. দুটি সংখ্যার গুণফল 4530582, যদি একটি সংখ্যা 287 হয়, তাহলে সংখ্যাদ্বয়ের অন্তর কত?

(a) 16073 (b) 15786

(c) 15600 (d) 15499

55. 335 টাকা *A*, *B* এবং *C*-এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যেন *B*, *A*-এর চেয়ে 10 টাকা বেশি পায় এবং *C*, *B*-এর চেয়ে 15 টাকা বেশি পায়। *A* কত টাকা পাবে?

(a) 90 টাকা (b) 100 টাকা

(c) 110 টাকা (d) 115 টাকা

56. একটি দেওয়াল ঘড়িতে 4 টা বাজতে 4 সেকেন্ড সময় লাগে, ওই ঘড়িতে 6 টা বাজতে কত সময় লাগবে?

(a) 6 সেকেন্ড (b) 10 সেকেন্ড

(c) 12 সেকেন্ড (d) 9 সেকেন্ড

57. পিতা, পুত্র এবং কন্যার বর্তমান বয়সের সমষ্টি 100 বছর; 5 বছর আগে ওই তিনজনের বয়সের সমষ্টি কত ছিল?

(a-) 85 বছর (b) 95 বছর

(c) 115 বছর (d) 70 বছর

58. প্রতি কিগ্রা 36 টাকা দরের 10 কিগ্রা চালের বিনিময়ে 15 কিগ্রা আটা পাওয়া গেল; প্রতি কিগ্রা আটার দাম কত?

(a) 12 টাকা (b) 21 টাকা

(c) 36 টাকা (d) 24 টাকা

59. মিন্টু 3615 টাকা দিয়ে এক কুইন্টাল চাল কিনে প্রতি কিলোগ্রাম 40 টাকা দরে সমস্ত চাল বিক্রয় করল। এতে মিন্টুর কত টাকা লাভ হল?

(a) 400 টাকা (b) 315 টাকা

(c) 385 টাকা (d) 365 টাকা

60. একটি গাড়ির সামনের চাকার পরিধি 10 ফুট এবং পিছনের চাকার পরিধি 15 ফুট; 100 মাইল পথ অতিক্রম করতে সামনের চাকা পিছনের চাকার চাইতে কত বেশি বার আবর্তন করবে?

(a) 176 (b) 176000

(c) 17600 (d) 17602

---